বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২০-২১/ ১৬৪১ (১২০০) তারিখঃ ২৬/১১/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম","স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" এ অংশগ্রহন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ০৭/০৫/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিমে অংশগ্রহনের শর্তাবলী সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ০৭/০৫/২০২০ এর মাধ্যমে শিথিল করায় রাষ্ট্রায়ত্ব বিশেষায়িত ব্যাংক হিসাবে বাংলাদেশ কৃষি ব্যাংক উল্লেখিত ৩টি পুনঃঅর্থায়ন স্কীম এ অংশগ্রহণ করতে পারবে। সে মোতাবেক বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের সাথে আলাদা তিনটি সমঝোতা স্মারক ইতিমধ্যে স্বাক্ষরিত হয়েছে। পুনঃঅর্থায়ন স্কীম ৩টির অর্থায়নের আওতা ও ঋণসীমা নিম্নরুপঃ

ক) কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম

দেশের গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে কৃষি খাতের পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন ও তদ্সংক্রান্ত সহায়ক সেবা প্রদানকারী খাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অর্থায়নকে উৎসাহিতকরণের লক্ষ্যে এ স্কীমটি চালু রয়েছে। এ স্কীমের আওতায় বিনিয়োগযোগ্য খাত, এলাকা এবং একক উদ্যোগের জন্য পুনঃঅর্থায়নযোগ্য ঋণের সীমা নিম্নরূপ :

১. শিল্পটি দেশের সকল বিভাগীয় সদর, নারায়ণগঞ্জ শহর এবং ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার বাহিরে অবস্থিত হতে হবে;
২. শিল্পটির স্থায়ী সম্পদের পরিমাণ (ভূমি ও ইমারতের মূল্য ব্যতীত) অনূর্ধ্ব ১০ (দশ) কোটি টাকা হতে হবে;
৩. শিল্পটিকে কৃষিভিত্তিক শিল্পের তালিকা [এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর সংযোজনী- ১১] এ বর্ণিত এক বা একাধিক কৃষিভিত্তিক শিল্প খাতের অন্তর্ভুক্ত হতে হবে। তবে, তালিকা বহির্ভূত এতদ্সংক্রান্ত অন্যান্য উপযোগী শিল্পে প্রদত্ত ঋণের বিপরীতেও বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর পূর্বানুমোদন সাপেক্ষে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা যেতে পারে ; এবং
৪. একক উদ্যোক্তাকে চলতি মূলধন ঋণ এবং মেয়াদি ঋণ বিতরণের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রদানের সর্বোচ্চ সীমা হবে যথাক্রমে ০৩ (তিন) কোটি এবং ১০ (দশ) কোটি টাকা।

খ) স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম

দেশে ক্ষুদ্র শিল্প ও ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আলোচ্য স্কীমটি চলমান রয়েছে। এ স্কীমের আওতায় উৎপাদনশীল, সেবা ও ব্যবসা খাতে প্রদত্ত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। স্মল এন্টারপ্রাইজ বলতে এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এ বর্ণিত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগকে বোঝাবে। এ স্কীমের আওতায় নারী উদ্যোক্তাগণকে অগ্রাধিকার ভিত্তিতে শিল্প, সেবা ও ব্যবসা খাতে প্রদত্ত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। নারী উদ্যোক্তা ব্যতীত অন্যান্য উদ্যোক্তার ক্ষেত্রে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে কেবল শিল্প ও সেবা খাতে তহবিল পর্যাপ্ততা সাপেক্ষে প্রদত্ত ঋণের ১০০% পুনঃঅর্থায়ন করা হবে। উল্লেখ্য, কোন একক নারী উদ্যোগ/উদ্যোক্তাকে এককভাবে অর্থায়ন করা না গেলে একাধিক নারী উদ্যোক্তাকে গ্রুপ ভিত্তিতে অর্থায়নের বিপরীতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান অত্র স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধার জন্য আবেদন করতে পারবে। উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রদানের সীমা নিম্নরূপ ঃ

১. কুটির শিল্প উদ্যোগে সর্বনিম্ন ১০ হাজার টাকা হতে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা ;
২. মাইক্রো উদ্যোগে সর্বনিম্ন ২৫ হাজার টাকা হতে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা ; এবং
৩. ক্ষুদ্র উদ্যোগে সর্বনিম্ন ৫০ হাজার টাকা হতে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা।

গ) কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল

নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে নতুন উদ্যোগে অর্থায়ন সহজলভ্য করে স্ব-কর্মসংস্থান উৎসাহিত করতে "কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির শর্তাবলী ও পুনঃঅর্থায়ন সীমা নিম্নরূপ :

১. নতুন উদ্যোক্তার প্রস্তাবিত উদ্যোগের বিষয়ে যথাযথ কারিগরি শিক্ষা ও জ্ঞান থাকতে হবে। প্রকল্প ব্যয়ের নূন্যতম ২০% উদ্যোক্তাকে নিজ উৎস হতে বহন করতে হবে এবং প্রস্তাব দাখিলের সময়ে উদ্যোক্তার বয়স ন্যূনতম ১৮ হতে হবে;

২. ঋণ আবেদনকারী নতুন উদ্যোক্তা বিভিন্ন সরকারি বা বেসরকারি উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান এবং সময়ে সময়ে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের আওতায় আইসিটি, ব্যবসা পরিচালনা, বাজারজাতকরণ, ইত্যাদি বিষয়ে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে অত্র তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনা কৌশলের মাধ্যমে স্ব-উদ্যোগ গ্রহণে আগ্রহী নতুন উদ্যোক্তার ঋণ ঝুঁকি যাচাই করে ঋণ প্রদান করবে;

৩. সহায়ক জামানতবিহীন ঋণের ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ নতুন উদ্যোক্তা হতে ব্যক্তিগত জামানত/তৃতীয় পক্ষ জামানত/ সামাজিক জামানত গ্রহণ করতে পারবে। সামাজিক জামানতের আওতায় নতুন উদ্যোক্তা প্রশিক্ষণের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানও জামানত প্রদান করতে পারবে; এবং

৪. উক্ত তহবিলের আওতায় সাধারণভাবে সহায়ক জামানতবিহীন ঋণের বিপরীতে সর্বোচ্চ ১০(দশ) লক্ষ টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। তবে, উদ্যোগের প্রকৃতি ও উৎপাদিত পণ্য ও সেবার বাজার বিবেচনান্তে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সহায়ক জামানতবিহীন ঋণ প্রয়োজনে ১০(দশ) লক্ষ টাকার অধিক বিতরণ করা যাবে। এ স্কীমের আওতায় সহায়ক জামানত থাকা সাপেক্ষে প্রদত্ত ঋণের বিপরীতে সর্বোচ্চ ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

০৩। পুনঃঅর্থায়ন স্কীমসমূহের জন্য সাধারণ নির্দেশাবলী

ক) পুনঃঅর্থায়ন প্রাপ্তির নিমিত্ত অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর সাথে তিনটি অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর করা হয়েছে। এ অংশগ্রহণ চুক্তির আওতায় সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সকল নীতিমালার পরিপালন সাপেক্ষে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম", "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" এ ঘোষিত তহবিলের পরিমান যথাক্রমে ১৪০০.০০ কোটি, ১৫০০.০০ কোটি এবং ১০০.০০ কোটি টাকা। পুনঃঅর্থায়ন ঋণ সুবিধা সর্বোচ্চ ১০০% পর্যন্ত। কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের জন্য আলাদাভাবে কোনরূপ বাজেট বরাদ্ধ দেয়া হবে না, তবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে এ সুবিধা প্রদান করা হবে;

গ) পুনঃঅর্থায়নযোগ্য ঋণের ধরন ও প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় অর্থায়নের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন স্কীমসমূহের আওতায় চলতি ও মেয়াদি ঋণ (সর্বোচ্চ ০৫ বছর) অর্থায়ন করা যাবে;

ঘ) স্কীম তিনটির আওতায় বাংলাদেশ ব্যাংক হতে ৩% হারে পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়া যাবে এবং গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৭%;

ঙ) উল্লেখিত স্কীমসমূহের আওতায় বিতরণকৃত ঋণ সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে [এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর সংযোজনী- ১২ ও ১২(ক)] প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়নের জন্য আবেদন দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে উদ্যোক্তার ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এবং ঋণ মঞ্জুরি পত্রের কপিসহ অন্যান্য (প্রযোজ্য ক্ষেত্রে বিল অব এন্ট্রি, এলসি ডকুমেন্ট, ইনভয়েস, কোটেশন, লোন স্টেটমেন্ট ইত্যাদি) প্রয়োজনীয় তথ্যাদিও আবশ্যিকভাবে দাখিল করতে হবে। সে লক্ষ্যে শাখা কর্তৃক বিতরিত ঋণের তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নিমিত্তে প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে (সঠিকতার প্রত্যয়নপত্রসহ) বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে বিভাগভিত্তিক একীভূত বিবরণী (তিনটি স্কীমের জন্য আলাদা তিনটি বিবরণী) প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে;

চ) পুনঃঅর্থায়নের আওতায় গৃহিত ঋণ গ্রাহক কর্তৃক অগ্রিম সমন্বয় হলে তা অত্র বিভাগের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করতে হবে এবং পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ ফেরতের বা সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সমন্বয়কৃত ঋণ সম্পর্কে বাংলাদেশ ব্যাংককে অবহিত না করলে বা কোন ভুল তথ্য প্রদানের মাধ্যমে আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় উক্তরূপে গৃহীত অর্থ ব্যাংক হার/যে হারে পুনঃঅর্থায়ন করা হয়েছে তা অপেক্ষা ৫% অধিক হারে সুদ/মুনাফাসহ এককালীন ফেরতযোগ্য হবে; এবং

ছ) কোন স্কীমের আওতায় ঋণ আবেদন গ্রহন করা হয়েছে তা আবেদনপত্রে সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে এবং ঋণ মঞ্জুরীপত্রে কোন স্কীমের আওতায় ঋণ মঞ্জুর করা হয়েছে তা উল্লেখ করতে হবে। এছাড়াও গ্রাহক পর্যায়ে এ ঋণের সুদের হার হবে ৭% এবং সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবর্তিত সুদ হার এ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে মর্মে মঞ্জুরীপত্রে উল্লেখ থাকতে হবে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এবং সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ০৭/০৫/২০২০ এ বর্নিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত ৩টি পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ মঞ্জুরী ও বিতরনের অনুরোধ করা হলো। পাশাপশি পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে মাসিক ভিত্তিতে বিতরনকৃত ঋণের তথ্যাদি প্রয়োজনীয় সংযুক্তিসহ পত্র সংযুক্ত ছক মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে (সঠিকতার প্রত্যয়নপত্রসহ) প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এতদ্বসংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা বা তথ্যের প্রয়োজনে ক্রেডিট বিভাগের সহকারী মহাব্যবস্থাপক, জনাব মুহাম্মদ মোশাররফ হোসেন, মোবাইল নং-০১৯১৬-২০১০৯৮ এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৭/১১/২০২০

মোঃ আজিজুল বারী
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

সংযুক্তিঃ৩(তিন) মাত্র।

সার্কুলার লেটার নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২০-২১/ ১৩৪৯(১২০৩) তারিখঃ ২৬/১১/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৬/১১/২০২০

( মোহাম্মদ মঈনুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

## Statement of Loan Applied for Refinance

**Name of the Bank/FI:**

**Name of the Month:**

| Sl. No. | Name of the Enterprise and Date of Incorporation | Location/ Address of the Enterprise | Type of Ownership | Name of Owner(s), NID and Phone Number | Male/ Female | Name of Financing Branch | Fixed Assets of the Enterprise (excluding Land & Building) | Nature of Enterprise (Manufact-uring/ Service/ Trade) | Number of Employee | | Name/ Type of Product | Purpose of Loan | Whether the Loan is Existing/ New | Loan Limit (In BDT) | Amount of Disbursed Loan (In BDT) | Date of Disburse-ment | Interest Rate (%) | Grace Period | Type of Loan (Working Capital/ Term Loan) | Tenure of Loan (Month) | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | Male | Female | | | | | | | | | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |

- Whether the entrepreneur availed refinanced facility under the same refinance scheme previously. If yes, please mention amount and date of availing such facility.
- Whether any refinance application has been submitted for the same loan to any other refinance schemes of Bangladesh Bank. If yes, please mention the name of that scheme and application date.

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্
ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৭
০৭ মে, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**"স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম", "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম", এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" অধিকতর কার্যকর করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতের পুনরুজ্জীবন প্রক্রিয়া আরও গতিশীল এবং টেকসই করতে চলতি মূলধন এর পাশাপাশি মেয়াদি ঋণ/বিনিয়োগের যথাযথ প্রবাহ নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত নিম্নোক্ত ৩ (তিন) টি পুনঃঅর্থায়ন তহবিলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

ক) "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম", "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম" এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" এর আকার বৃদ্ধি করে যথাক্রমে ১,৫০০ কোটি, ১৪০০ কোটি, এবং ১০০ কোটি টাকায় উন্নীত করণ;

খ) উক্ত তহবিল তিনটির আওতায় সুদের হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০৩ (তিন) শতাংশ এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ০৭ (সাত) শতাংশ এ পুনঃনির্ধারণ; এবং

গ) এসকল তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম যোগ্যতা বিষয়ে সার্কুলার ০২/ ২০১৯ এর অনুচ্ছেদ ১১.৫ (জ) এর ১ ও ২ নং শর্তাবলীসমূহ রাষ্ট্রায়ত্ত ব্যাংক/বিশেষায়িত ব্যাংকসমূহের জন্য প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত, একই অনুচ্ছেদ (১১.৫(জ)) এর ৫ নং শর্ত শিথিল করে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ব্যবসায়িক অভিজ্ঞতা ন্যূনতম ০৩ (তিন) বছর করা হয়েছে।

এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(লীলা রশিদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২